# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

## স্নাতক কোর্স লেভেল-১ এ ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫)

১। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত বিভাগসমূহে স্নাতক কোর্স লেভেল-১ (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫) এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| Sl. No. | Name of the Department | Code of the Department | No. of Seats |
|---|---|---|---|
| 1. | Architecture | ARCH | 30 |
| 2. | Biomedical Engineering | BME | 30 |
| 3. | Civil Engineering | CE | 130 |
| 4. | Computer Science and Engineering | CSE | 130 |
| 5. | Electrical and Electronic Engineering | EEE | 180 |
| 6. | Electronics and Telecommunication Engineering | ETE | 60 |
| 7. | Materials and Metallurgical Engineering | MME | 30 |
| 8. | Mechanical Engineering | ME | 180 |
| 9. | Mechatronics and Industrial Engineering | MIE | 30 |
| 10. | Petroleum and Mining Engineering | PME | 30 |
| 11. | Urban and Regional Planning | URP | 60 |
| 12. | Water Resources Engineering | WRE | 30 |
| | | **Total No. of Seats:** | **920** |

সর্বমোট ৯২০ টি আসন ছাড়াও রাখাইন সম্প্রদায়ের জন্য ০১ টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য ১০ টি সহ অতিরিক্ত ১১ টি আসন সংরক্ষিত আছে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা:**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২১ ইং অথবা ২০২২ ইং সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ অথবা সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে ।

(গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৪ ইং সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক/আলিম/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন বিষয়ে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৪.০০ এবং ইংরেজী বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫০ পেতে হবে। ইংরেজী ভার্সন/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে উক্ত বিষয়সমূহে সমতুল্য গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০০ পেতে হবে।

(ঘ) প্রার্থীকে GCE 'O' এবং GCE 'A' লেভেল উত্তীর্ণ হয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। প্রার্থীকে ২০২৩ ইং সালের নভেম্বর বা তার পরে GCE 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে এবং GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE 'A' লেভেল পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে 'B' গ্রেড পেতে হবে।

(ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৪ ইং সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৮০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। সংশ্লিষ্ট প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে।

(চ) সকল সঠিক আবেদনকারীর মধ্য হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী বিষয়ের মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম ২০,০০০ (বিশ হাজার) যোগ্য প্রার্থীকে (ভর্তি নির্দেশিকায় "ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থী নির্ধারণ" অনুযায়ী) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

(ছ) ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে GCE 'O' লেভেল/GCE 'A' লেভেল এবং সংরক্ষিত আসনের জন্য সকল সঠিক আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

**৩। আবেদন করার পদ্ধতি:**

ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissioncuet.ac.bd) এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি পরীক্ষার ফি (সার্ভিস চার্জ বাদে) প্রদান করে আবেদন Submit করতে হবে।

| | | |
|---|---|---|
| **গ্রুপ "ক"** | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ১২০০/- (এক হাজার দুই শত) টাকা |
| **গ্রুপ "খ"** | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ১৪০০/- (এক হাজার চার শত) টাকা |

**৪। পরীক্ষা এবং ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী:**

<table>
<tr><td colspan="2">(ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু</td><td colspan="3">০৫ জানুয়ারী ২০২৫ইং, রবিবার, সকাল ০৯:০০ ঘটিকা থেকে</td></tr>
<tr><td colspan="2">(খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ</td><td colspan="3">১৮ জানুয়ারী ২০২৫ইং, শনিবার, রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td colspan="2">(গ) অনলাইনে আবেদন ফি প্রদান শেষ</td><td colspan="3">১৯ জানুয়ারী ২০২৫ইং রবিবার, বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td colspan="2">(ঘ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বর ও নামের তালিকা প্রকাশ</td><td colspan="3">২৩ জানুয়ারী ২০২৫ইং, বৃহস্পতিবার, বিকাল ০৫:০০ ঘটিকা</td></tr>
<tr><td colspan="2">(ঙ) প্রবেশপত্র ডাউনলোড শুরু</td><td colspan="3">২৭ জানুয়ারী ২০২৫ইং, সোমবার, সকাল ১০:০০ ঘটিকা থেকে</td></tr>
<tr><td rowspan="3">(চ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়<br>(গ্রুপ 'ক' এবং গ্রুপ 'খ' এর জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের উপর লিখিত পরীক্ষা এবং গ্রুপ 'খ' এর স্থাপত্য বিভাগের জন্য অতিরিক্ত মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।)</td><td>গ্রুপ "ক"</td><td>গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী</td><td>মোট নম্বর: ৫০০</td><td>০১ ফেব্রুয়ারী ২০২৫ইং তারিখ (শনিবার)<br>সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা</td></tr>
<tr><td rowspan="2">গ্রুপ "খ"</td><td>গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী</td><td rowspan="2">মোট নম্বর: ৭০০</td><td>০১ ফেব্রুয়ারী ২০২৫ইং তারিখ (শনিবার)<br>সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা</td></tr>
<tr><td>মুক্তহস্ত অংকন</td><td>০১ ফেব্রুয়ারী ২০২৫ইং তারিখ (শনিবার)<br>দুপুর ১২:৪৫ ঘটিকা থেকে দুপুর ১:৪৫ ঘটিকা</td></tr>
<tr><td colspan="2">(ছ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাস্থান অনুযায়ী মেধাতালিকা প্রকাশ, বিভাগ পছন্দ ক্রম প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ প্রকাশ</td><td colspan="3">২২ ফেব্রুয়ারী ২০২৫ইং, শনিবার, বিকাল ০৫:০০ ঘটিকা</td></tr>
<tr><td colspan="5">(জ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরু তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissioncuet.ac.bd) প্রকাশ করা হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না।</td></tr>
</table>

**৫। বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া:**

ভর্তিচ্ছু বিদেশী শিক্ষার্থীদের অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত নীতিমালা https://cuet.ac.bd/admission এ পাওয়া যাবে। এ সংক্রান্ত তথ্যাদি এবং নির্দেশিকা https://cuet.ac.bd/admission এ পাওয়া যাবে। নির্দেশিকা অনুসরন পূর্বক আবেদন করতে হবে। এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করা যাবে। আবেদনপত্রসমূহ ৩০ এপ্রিল ২০২৫ইং তারিখের মধ্যে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এ পৌঁছাতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:**

- অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সর্তকতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।
- নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে। ১৮ জানুয়ারী ২০২৫ইং, শনিবার, রাত ১১:৫৯ ঘটিকার পর অনলাইনে আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। এরপর আর কোনো আবেদনপত্র Submit করা যাবে না।
- একবার অনলাইন পদ্ধতিতে আবেদন করলে কোন ধরনের পরিবর্তন কিংবা তা প্রত্যাহার করা যাবে না এবং পরিবর্তন বা প্রত্যাহারের জন্য কোন টাকা ফেরৎ দেয়া হবে না।
- অনলাইনে আবেদন ফি পরিশোধ অথবা আবেদন সংক্রান্ত সমস্যার জন্য নিম্নলিখিত মোবাইল নম্বরসমূহে (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা ) এবং admission.support@cuet.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

  **আবেদন ফি পরিশোধ সংক্রান্ত সমস্যা:** ১৬৪৪৪ (SSL Helpline)

  **অনলাইনে আবেদন সংক্রান্ত সমস্যা:** ০১৭৫৯১২৩১৪৮, ০১৭৫৯১২৩১০৩।
- আবেদনে ব্যবহৃত রঙিন ছবি অবশ্যই ০৩ (তিন) মাসের বেশি পুরাতন হওয়া যাবে না।
- প্রবেশপত্র ছাড়া কাউকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admissioncuet.ac.bd হতে ভর্তি নির্দেশিকা ২০২৪-২৫ ডাউনলোড করে নিতে পারবে। ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্য ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে এবং উল্লিখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে।
- ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে উপরে উল্লিখিত মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।
- ভর্তি পরীক্ষার তারিখ, সময়সূচী এবং ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তি কমিটির অনুমোদনক্রমে

// স্বাক্ষরিত//
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
**রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)**
ও
**সচিব, স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫)**
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং: চুয়েট/একা-০২/পার্ট-২৪/৫৩৮(৭)

তারিখ: ১১/১২/২০২৪ খ্রি.।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

১. সকল ডীন, চুয়েট।
২. সকল বিভাগীয় প্রধান, চুয়েট।
৩. রেজিস্ট্রার, বুয়েট/কুয়েট/রুয়েট/ডুয়েট।
৪. পরিচালক, আইআইসিটি, চুয়েট (ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
৫. জনসংযোগ কর্মকর্তা, চুয়েট (বহুল প্রচারিত স্থানীয় ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারের অনুরোধ সহকারে)।
৬. সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৭. সংরক্ষণ নথি।

১১|১২|২০২৪
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
**রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)**
ও
**সচিব, স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫)**
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।